

# ২৬ থেকে ২৮ নভেম্বরের মধ্যেই এইচএসসির ফল

নিজস্ব বার্তা পরিবেশক

: শনিবার, ১৮ নভেম্বর ২০২৩



ছবি : সংগৃহীত

চলতি বছর অনুষ্ঠিত এইচএসসি ও সমমান পরীক্ষার ফল নভেম্বরের শেষ সপ্তাহেই প্রকাশ হতে পারে। আগামী ২৬ থেকে ২৮ নভেম্বরের মধ্যে যেকোনো দিন ফলাফল প্রকাশ হতে পারে জানিয়েছেন আন্তঃশিক্ষা সমন্বয় বোর্ড সাব কমিটির সভাপতি ও ঢাকা শিক্ষা বোর্ডের চেয়ারম্যান অধ্যাপক তপন কুমার সরকার।

তিনি বলেন, আগামী ২৬ থেকে ২৮ নভেম্বরের মধ্যে এইচএসসি পরীক্ষার ফল প্রকাশের জন্য প্রধানমন্ত্রীর সম্মতি চেয়ে চিঠি পাঠনো হয়েছে। যে দিনটিতে ফলাফল দেওয়ার জন্য প্রধানমন্ত্রী সম্মতি দিবেন, ওই দিনই ফল প্রকাশ করা হবে।

এ বছর ১১টি শিক্ষা বোর্ডের মোট ১৩ লাখ ৫৯ হাজার ৩৪২ জন শিক্ষার্থী এইচএসসি ও সমমান পরীক্ষায় বসেন। এর মধ্যে আটটি সাধারণ শিক্ষা বোর্ডে পরীক্ষা গত ১৭ আগস্ট শুরু হয়ে ২৫ সেপ্টেম্বর শেষ হয়। আর

প্রাকৃতিক দুর্ঘাগের কারণে চট্টগ্রাম, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা বোর্ডের পরীক্ষা ১০ দিন পিছিয়ে ২৭ আগস্ট শুরু হয়।

সব বোর্ডে একইদিনে পরীক্ষা শুরু না হলেও ১১টি শিক্ষা বোর্ডে একযোগে ফল প্রকাশ করা হবে বলে জানিয়েছেন তপন কুমার সরকার। পরীক্ষা শেষের ৬০ দিনের মধ্যে ফল প্রকাশের নিয়ম রয়েছে, সে অনুযায়ী নভেম্বরের মধ্যেই এইচএসসি ও সমমান পরীক্ষার ফলাফল প্রকাশ করা হবে।